# মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক

**মন্ত্রণালয়/বিভাগের নাম** **আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যা**

**প্রতিবেদনাধীন বছর** ২০১৮-১৯ **প্রতিবেদন প্রস্তুতির তারিখ**

## (১) প্রশাসনিক

১. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য* |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৬ |
| মন্ত্রণালয় | | | | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৭২৩ | ৫৬১ | ১৬২ | |
| **মোট** | ৭২৩ | ৫৬১ | ১৬২ | |

* অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

১.২ শূন্যপদের বিন্যাস

| অতিরিক্ত সচিব/তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | ৯ | ৫১ | ১৩ | ৬৭ | ২২ | ১৬২ |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদাসম্পন্ন/সংস্থা-প্রধান/তদূর্ধ্ব) শূন্য থাকলে তার তালিকা

১.৪ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা

১.৫ অন্যান্য পদের তথ্য

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| × | × |

* কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নাই।

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| × | × | × | × | ৭ | ৭ | |

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/স্পেশাল এ্যাসিস্টেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | | | | |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | | | | |

১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) * | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ স্পেশাল এ্যাসিস্টেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |

* কতদিন বিদেশে ভ্রমণ করেছেন সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা

## (২) অডিট আপত্তি

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

*(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)*

| ক্রমিক | মন্ত্রণালয়/ বিভাগসমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৮ | ৯ | ১০ |
| | বাংলাদেশ শিল্পকলা একাডেমি | ১৬৯ | ১৯৪৩২.৩৪ | ১১ | ০৯ | ৩৯৬৬.৪০ | ১৬০ | ১৫৪৬৫.৯৪ |
| | | | | | | | | |
| | সর্বমোট | | | | | | | |

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা

## (৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

| প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৮-১৯) মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দণ্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৮টি | না | না | না | | ৮টি |

## (৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |

## (৫) মানবসম্পদ উন্নয়ন

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ১১ টি | ৯৯০ জন |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক প্রতিবেদনাধীন অর্থবছরে (২০১৮-১৯) কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:

বাংলাদেশ শিল্পকলা একাডেমি উদ্যোগে প্রশিক্ষণ বিভাগের ব্যবস্থাপনায় অন দি জন "নথি ব্যবস্থাপনা" প্রশিক্ষণ কর্মশালা। চাকুরী সংক্রান্ত বিভিন্ন বিষয় প্রশিক্ষণ কর্মশালা। "টেকসই উন্নয়ন অভীষ্ট" প্রশিক্ষণ কর্মশালা। চারুকলা বিষয়ক এক বছরব্যাপী ফাউন্ডেশন কোর্স ও ০৩ বছরব্যাপী বেসিক কোর্স চলমান।

জেলা শিল্পকলা একাডেমি, রাজশাহীতে সঙ্গীত বিষয়ক, নেত্রকোণায় চারুকলা বিষয়ক, সাতক্ষীরা, মৌলভীবাজার ও ঝিনাইদহ নৃত্য বিষয়ক, সিলেটে সঙ্গীত বিষয়ক, জামালপুর নাটক বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে।

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা

৫.৪ মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি-না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি-না?

৫.৫ প্রতিবেদনাধীন অর্থবছরে (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা

## (৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| | |

## (৭) তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার স্থাপন (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কর্মকর্তা | কর্মচারি |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৪৪টি | হ্যাঁ | **না** | না | - | - |

## (৯) প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট

৯.১ প্রতিবেদনাধীন অর্থবছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন করে থাকলে তার তালিকা

৯.২ প্রতিবেদনাধীন অর্থবছরে সম্পাদিত **গুরুত্বপুর্ণ/উল্লেখযোগ্য** কার্যাবলি:

বাংলাদেশ শিল্পকলা একাডেমির চারুকলা বিভাগের উদ্যোগে ১৪-২৮ জুলাই ২০১৮ পর্যন্ত ২১তম নবীন শিল্পী চারুকলা প্রদর্শনী ২০১৮ আয়োজন করা হয়। এ প্রদর্শনীতে ৩৮০জন শিল্পীর ৪১২টি শিল্পকর্ম প্রদর্শিত হয়। ঢাকা হবে শিল্পের শহর, ঢাকা হবে বিশ্বের অন্যতম নান্দনিক নগরী এই প্রত্যয় নিয়ে ১৮তম দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী বাংলাদেশ ২০১৮ উপলক্ষে সাধারণ মানুষের কাছে প্রচারের নিমিত্ত ঢাকা শহরের গুরুত্বপূর্ণ স্থানে ২৬-২৮ জুলাই ২০১৮ পর্যন্ত আয়োজন করা হয় পারফর্মেন্স আর্ট পরিবেশনা। আগস্ট বাঙালি জাতির শোকের মাস। স্বাধীনতার মহান স্থপতি সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ১৫ আগস্ট স্বপরিবারে নির্মমভাবে হত্যা করা হয়। যিনি গত ৪০ দশকেই স্বাধীন বাংলাদেশের স্বপ্ন দেখেছিলেন এবং ধাপে ধাপে কঠিন সংগ্রাম, চ্যালেঞ্জ, ঝুঁকি ও প্রবল প্রতিকূলতার মধ্য দিয়ে তাঁর লক্ষে পৌঁছান এবং পৃথিবীর মানচিত্রে বাংলাদেশ নামে একটি স্বাধীন জাতিরাষ্ট্র প্রতিষ্ঠা করনে। এই অবিসংবাদিত নেতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্মৃতির প্রতি সম্মান জানিয়ে তাঁর ৪৩তম শাহাদাৎবার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৮ উপলক্ষে ১-১৫ আগস্ট ২০১৮ পর্যন্ত বঙ্গবন্ধুর আলোকচিত্র নিয়ে বিশেষ প্রদর্শনী, দেশের খ্যাতিমান প্রবীণ ও তরুণ শিল্পীদের অংশগ্রহণে ৯-১৭ আগস্ট ২০১৮ পর্যন্ত 'বঙ্গবন্ধু এবং আমাদের স্বপ্নের বাংলাদেশ' শীর্ষক আর্টিস্ট ক্যাম্প এবং '৭ই মার্চের ভাষণ: বাঙালির স্বাধীনতার মাইলফলক' ও 'বঙ্গবন্ধু এবং আমাদের স্বপ্নের বাংলাদেশ' শীর্ষক ২টি আর্টিস্ট ক্যাম্পের চিত্রকর্ম নিয়ে প্রদর্শনী অনুষ্ঠিত হয়। আর্টক্যাম্পে দেশের ৫০জন বিশিষ্ট চারুশিল্পী অংশগ্রহণ করেন।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে ১-৩০ সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালায় মাসব্যাপী ১৮তম দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী বাংলাদেশ ২০১৮ আয়োজন করা হয়। ০১ সেপ্টেম্বর ২০১৮ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মো: আবদুল হামিদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রদর্শনীর উদ্বোধন ও পুরস্কারপ্রাপ্ত শিল্পীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। যৌথ উদ্যোগে শিল্পাচার্য জয়নুল আবেদিন আর্ট স্কুল, টঙ্গী গাজীপুর এর আয়োজনে ২৮-৩০ অক্টোবর ২০১৮ পর্যন্ত ২য় আন্তর্জাতিক শিশু চিত্রকলা প্রতিযোগিতা ও প্রদর্শনী ২০১৮ এবং ৯-১৬ নভেম্বর ২০১৮ পর্যন্ত জাতীয় চিত্রশালার গ্যালারি-২ এ শিল্পকর্ম প্রদর্শনীর আয়োজন করা হয়। শ্রীলংকায় 'SAARC ARTIST CAMP ২০১৮' -এ বাংলাদেশের বিশিষ্ট চারুশিল্পীদের সমন্বয়ে ৬ সদস্য বিশিষ্ট প্রতিনিধিদল ৪-৬ ডিসেম্বর ২০১৮ শ্রীলংকা সফর করেন। মহান মুক্তিযুদ্ধ ও বিজয়ের ৪৭ বছর উদযাপন উপলক্ষে খ্যাতিমান আলোকচিত্র শিল্পী ও লেখক এম এ তাহের এর 'বাংলাদেশের নৌকা' শীর্ষক একক আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। ১ ডিসেম্বর ২০১৮ মহান বিজয়ের মাসের প্রথম দিবসে বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালা মিলনায়তনে বাঙালির ঐতিহ্যের অন্যতম অনুষঙ্গ নৌকার এই প্রদর্শনীর উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং বেঙ্গল ফাউন্ডেশনের সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ, চীনের সিংহুয়া বিশ্ববিদ্যালয় ও সাংহাই আর্ট এ্যান্ড ডিজাইন একাডেমির উদ্যোগে ৮-১৫ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত BRILLIANT, ৪TH NEW CRAFTS INTERNATIONAL ARTISTS GROUP EXHIBITION আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফটোগ্রাফিক সোসাইটির যৌথ উদ্যোগে ২৭-৩০ জানুয়ারি ২০১৯ পর্যন্ত জাতীয় চিত্রশালার ৫ ও ৬নং গ্যালারিতে আলোকচিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়।

ম্যুভিয়ানা ফিল্ম সোসাইটির যৌথ উদ্যোগে জাতীয় চিত্রশালা মিলনায়তনে ১২ জানুয়ারি ২০১৯ তারিখ ও ৩১ জানুয়ারি ২০১৯ তারিখ চলচ্চিত্র প্রদর্শনী এবং ২৫-২৭ জানুয়ারি ২০১৯ পর্যন্ত কন্যার যৌথ উদ্যোগে জাতীয় চিত্রশালার ২নং গ্যালারিতে চিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়। ১৯ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ বাংলাদেশ শিল্পকলা একাডেমির ৪৫তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে ১৯-২৮ ফেব্রুয়ারি ২০১৯ পর্যন্ত একাডেমির সকল বিভাগের পঁয়তাল্লিশ বৎসরের প্রকাশনা ও বিভিন্ন উপকরণ (ব্রোশিউর, ম্যাগাজিন, ক্যাটালগ, আমন্ত্রণপত্র, সিডি/ডিভিডি, পোস্টার, আলোকচিত্র, যন্ত্রপাতি ইত্যাদি) নিয়ে জাতীয় চিত্রশালার ১নং গ্যালারিতে বিশেষ প্রদর্শনীর আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং বাংলাদেশ আওয়ামী লীগ এর প্রচার ও প্রকাশনা উপকমিটির যৌথ উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর 'বঙ্গবন্ধু' উপাধরি ৫০ বছর র্পূতি উপলক্ষ্যে ২৫ ও ২৬ ফেব্রুয়ারি জাতীয় চত্রিশালার ৫ ও ৬ নং গ্যালারিতে বিশেষ চিত্র প্রর্দশনী এবং জাতীয় চত্রিশালা মলিনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়। এ প্রদর্শনীতে বঙ্গবন্ধু'র ওপর চিত্রকলা ১০০টি, আলোকচিত্র ২১০টি, শিশুদের চিত্রকর্ম ২০০টি সহ মোট ৫১০টি চিত্রকর্ম প্রদর্শিত হয়। বিশ্বের সব মাতৃভাষা রক্ষা করবে বাংলাদেশ রাজধানী ঢাকাসহ রাজবাড়ী, যশোর, হবিগঞ্জ, ফরিদপুর, দিনাজপুর, নীলফামারী ও কক্সবাজার জেলায় কৃৎকলা প্রদর্শনী। কৃৎকলায় ভাষার অভিযাত্রা। পৃথিবীর বুকে মাতৃভাষার জন্য প্রাণ দিয়ে বাঙালি বিশ্বের ইতিহাসে এক অনন্য উদাহরণ সৃষ্টি করেছে। এমন আত্মত্যাগের কথা স্মরণ করে আয়োজন করা হয়েছে কৃৎকলা (পারফরমেন্স আর্ট) 'কৃৎকলায় ভাষার অভিযাত্রা'। ভাষা নিয়ে কৃৎকলার এ প্রদর্শনীতে একুশজন শিল্পী শহিদ মিনার পর্যন্ত বয়ে চলে বাহান্ন হাত একটি শাড়ি। যে শাড়ির মধ্যে আঁকা হয়েছে পৃথিবীর বিভিন্ন ভাষার বর্ণমালা। যে বর্ণমালাকে অর্জন করতে গিয়ে বাঙালি তার সূর্য সন্তানদের হারিয়েছে, আজ বাঙালি দায়িত্ব নিয়েছে পৃথিবীর অন্য সকল মাতৃভাষার অধিকার রক্ষার। 'বিশ্বের সব মাতৃভাষা রক্ষা করবে বাংলাদেশ' এই শিরোনামে বাংলাদেশ শিল্পকলা একাডেমির নানা কর্মকান্ডের একটি এই কৃৎকলার আয়োজন। ২৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ উদ্বোধনীর মধ্য দিয়ে কৃৎকলার এ প্রদর্শনী শুরু হয় বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রাঙ্গণ থেকে আর শেষ হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহিদ মিনারের সম্মুখ বেদিতে।

বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং আর্ট কার্নিভাল এর যৌথ উদ্যোগে ২২-২৫ ফেব্রুয়ারি ২০১৯ পর্যন্ত জাতীয় চিত্রশালায় বাংলা ক্যালিগ্রাফি ও টাইফোগ্রাফি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং ARTOPOLITION (আর্টোপলিশন) এর যৌথ উদ্যোগে ২৩ ফেব্রুয়ারি থেকে ৯ মার্চ ২০১৯ পর্যন্ত জাতীয় চিত্রশালার ২ ও ৩নং গ্যালারিতে শিল্পের আলোয় মাতৃভাষা উদযাপন প্রদর্শনী আয়োজন করা হয়। এ প্রদর্শনীতে বাংলাদেশসহ ভারত, শ্রীলংকা, নেপাল, ভুটান, কম্বোডিয়া, চীন, জাপান, তুরস্ক, ইরান, অস্ট্রেলিয়া, অস্ট্রিয়া, পোল্যান্ড, কানাডা, মারিশাস, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, মেক্সিকো এর ২১২জন শিল্পীর ২১২টি শিল্পকর্ম প্রদর্শনীতে স্থান পায়। এছাড়া এ প্রদর্শনীর পাশাপাশি দেশের ২২জন বিশিষ্ট চারুশিল্পীর ২২টি শিল্পকর্মও প্রদর্শনীতে প্রদর্শিত হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমির চারুকলা বিভাগের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে ১৭ মার্চ ২০১৯ তারিখ জাতীয় চিত্রশালা প্লাজায় শিশুদের অংশগ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। এছাড়া ১৭ মার্চ ২০১৯ তারিখ একাডেমির ব্যবস্থাপনায় এবং স্থানীয় প্রশাসনের সহযোগিতায় সারাদেশব্যাপী শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়।

৫ থেকে ১৫ মার্চ ২০১৯ তারিখ 'চিত্রকলায় ৫০টি ক্ষুদ্র জাতিসত্তার সাংস্কৃতিক জীবনচিত্র' এর ৫০ জন শিল্পীর ১৫০টি শীর্ষক চিত্রকর্ম প্রদশনীর আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং চিলড্রেন'স ফিল্ম সোসাইটি বাংলাদেশ এর যৌথ উদ্যোগে ০২ মার্চ থেকে ০৮ মার্চ ২০১৯, ঢাকাসহ দেশের সবগুলো বিভাগীয় শহরে একযোগে অনুষ্ঠিত হয় ১২তম আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব বাংলাদেশ। বাংলাদেশ শিল্পকলা একাডেমির চারুকলা বিভাগের উদ্যোগে পহেলা বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দকে গ্রহণ এবং একই সাথে বাংলা ১৪২৫ বঙ্গাব্দের চৈত্র মাসের শেষদিন অর্থাৎ ৩০ চৈত্রকে কেন্দ্র করে ১৪ এপ্রিল ২০১৯ একাডেমির প্রাঙ্গাণ ভবনসমূহের প্রাঙ্গনসহ একাডেমির অভ্যন্তরে অবস্থিত সকল রাস্তা নান্দনিক ও শৈল্পিকভাবে আলপনা করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি ও বাংলাদেশ ফটো জার্নালিস্ট এসোসিয়েশন এর যৌথ উদ্যোগে ১৯-২১ এপ্রিল ২০১৯ জাতীয় চিত্রশালার ৪নং গ্যালারিতে রূপসী বাংলা জাতীয় ফটো প্রদর্শনী এবং ১৯ এপ্রিল ফটো প্রদর্শনী, প্রতিযোগিতা এবং সম্মাননা প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে কসমস-আর্টিলিয়ার ৭১ এর সহযোগিতায় ১৯-২৯ এপ্রিল ২০১৯ পর্যন্ত জাতীয় চিত্রশালার ভাস্কর্য গ্যালারী জাপানি চারুশিল্পী টসিকো ইকিদা এর কনটেম্পো ফোরারি প্রিন্ট প্রদর্শনী অনুষ্ঠিত হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং ঢাকাবাসী সংগঠন এর যৌথ উদ্যোগে ২৫-৩০ এপ্রিল ২০১৯ জাতীয় চিত্রশালার ৬নং গ্যালারিতে এশিয়ান ঘুড়ি প্রদর্শনী ২০১৯ অনুষ্ঠিত হয়।

জাতীয় পযায়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৮তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে ২৫ বৈশাখ ১৪২৬/৮ মে ২০১৯ তারিখ দেশের বিশিষ্ট শিল্পীর চিত্রকর্ম, রবীন্দ্রনাথ ঠাকুরের অংকিত চিত্রকর্মের রেপ্লিকা এবং আলোকচিত্র নিয়ে ৮-২৪ মে ২০১৯ পযন্ত বিশেষ চিত্র প্রদর্শনী আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) এর যৌথ উদ্যোগে ১৬-২৫ মে ২০১৯ একাডেমির জাতীয় চিত্রশালা ভবনের নীচতলার প্রাঙ্গাণে বাংলাদেশের ঐতিহ্যবাহী 'জামদানি পণ্য প্রদর্শনী ও মেলা ২০১৯' আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং এটিএন নিউজ ও আর্কাইভ'৭১ এর যৌথ উদ্যোগে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জীবদশায় পালিত জন্মদিনের আলোকচিত্র নিয়ে ৬-২৩ মে ২০১৯ জাতীয় চিত্রশালার ৬নং গ্যালারিতে কবির জন্মদিন শীর্ক বিশেষ প্রদর্শনী আয়োজন করা হয়।

গবেষণাধর্মী বাংলা ও ইংরেজি প্রবন্ধ সংগ্রহ ও পর্যালোচনাকরণ।শিল্পকলা' ষান্মাসিক বাংলা পত্রিকামু দ্রণ ২টি সংখ্যা। শিল্পকলা বার্ষিক ইংরেজি জার্নাল ২০১৪ সাল ২২তম সংখ্যা সম্পাদনা। শিল্পের আলোয় বঙ্গাবন্ধু' শিরোনাম এ্যালবাম মুদ্রণ। 'শিশুদেরচিত্রপটেবঙ্গাবন্ধু' শিরোনামএ্যালবামমুদ্রণ। হে মহামানব' শিরোনাম এ্যালবাম মুদ্রণ। 'জয়নুল আবেদীন' শিরোনাম গ্রন্থ পুন:মুদ্রণ। 'শিল্পকলাপদক' ও 'জেলা শিল্পকলা সম্মাননা' প্রদান। প্রকাশনা বিক্রয় ও সৌজন্য প্রদান।

<u>গ্রন্থমেলায় অংশগ্রহণ:</u> ক) অমর একুশে গ্রন্থমেলায় অংশগ্রহণ।, খ) জাতির জনক বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে টুঙ্গীপাড়া বইমেলায় অংশগ্রহণ।, গ) জাতির জনক বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে জাতীয় শিশু একাডেমি আয়োজিত বইমেলায় অংশগ্রহণ এবং ঘ) জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত ময়মনসিংহের ত্রিশালে বইমেলায় অংশগ্রহণ।

সৈয়দ শামসুল হক এর ২য় প্রয়াণবর্ষ স্মরণর্ঘ্য অনুষ্ঠানের অংশ হিসেবে ২৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখ সৈয়দ শামসুল হকের নাটক পায়ের আওয়াজ পাওয়া যায় এবং ২৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখে সৈয়দ শামসুর হকের লেখা এবং আতাউর রহমানের নির্দেশনা হ্যামলেট নাটকের প্রদর্শনী হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি ও গঙ্গা যমুনা সাংস্কৃতিক উৎসব পর্ষদ এর যৌথ আয়োজনে ৫ থেকে ১৫ অক্টোবর ২০১৮ তারিখ পর্যন্ত ১১ দিনব্যাপী গঙ্গা-যমুনা সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত হয়। উক্ত সাংস্কৃতি উৎসবে দেশি বিদেশী নাট্যদল ও বিভিন্ন নৃত্যদল অংশগ্রহণ করে। পাপেট থিয়েটারের সার্বিক উন্নয়নে ভারতের পশ্চিমবঙ্গের বরেণ্য পুতুলনাট্য শিল্পী ও নির্দেশক 'পদ্মশ্রী সুরেশ দত্তে'র পরিচালনায় ০৮ থেকে ১২ অক্টোবর ২০১৮ পাঁচ (০৫)দিনব্যাপী কর্মশালার আয়োজন করা হয়। এছাড়াও ০৮ এবং ১২ অক্টোবর ২০১৮ তারিখ ভারতের পশ্চিমবঙ্গের বরেণ্য পুতুলনাট্য শিল্পী ও নির্দেশক 'পদ্মশ্রী সুরেশ দত্তে'র পরিচালনায় 'আলাদিন' পুতুলনাট্য প্রদর্শনী অনুষ্ঠিত হয়। একাডেমির নিজস্ব প্রযোজনা 'এক বস্তা চাল' নাটকটির ৭৯তম প্রদর্শনী ২০ অক্টোবর ২০১৮ তারিখ অনুষ্ঠিত হয়। একাডেমির ও আইটিআই বাংলাদেশ কেন্দ্র যৌথভাবে বিশ্ব আইটিআই এর ৭০বছর পূর্তি উপলক্ষে ১-৩ নভেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত ৩(তিন) দিনব্যাপী মিলনায়তনে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে ৫ নভেম্বর ২০১৮ উপমহাদেশের প্রখ্যাত গণসংগীত শিল্পী ড. ভূপেন হাজারিকার ৭ম প্রয়াণ দিবস উপলক্ষে 'আজ জীবন খুঁজে পাবি' শীর্ষক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। যাত্রাশিল্প উন্নয়ন নীতিমালা-২০১২ বাস্তবায়ন ও যাত্রাদল নিবন্ধনের লক্ষে বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগের ব্যবস্থাপনায় ১২ ও ১৩ নভেম্বর, ২০১৮ তারিখ ০২ (দুই)দিনব্যাপী জাতীয় নাট্যশালার স্টুডিও থিয়েটার হলে '১০ম যাত্রানুষ্ঠান ২০১৮' তে ১০ (দশ)টি যাত্রাদলের যাত্রাপালা প্রদর্শিত হয়। বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলার ভাসু বিহারে ৩৫০জন শিল্পী কলাকুশলীর অংশগ্রহণে নির্মিত প্রত্ননাটক 'মহাস্থান' এর প্রদর্শনী ২৩ এবং ২৪ নভেম্বর ২০১৮  তারিখ মহাস্থানগড়ের ভাসু বিহারে মঞ্চস্থ হয়। উক্ত প্রত্ননাটকটি প্রদর্শনীর পূর্বে ১৯-২২ নভেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত ০৪(চার)দিনব্যাপী ভাসু বিহারে নাটকটির মহড়া অনুষ্ঠিত হয়।

উক্ত প্রদর্শনীতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিবসহ দেশের বিশিষ্ট নাট্যজন ও ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। ২৫ ডিসেম্বর ২০১৮ তারিখ চলচ্চিত্র পরিচালক সাইদুল আনাম টুটুল এর স্মরণ সভা উপলক্ষে জাতীয় চিত্রশালা মিলনায়তনে 'আলোচনা ও চলচ্চিত্র প্রদর্শনী' আয়োজন করা হয়। ঢাকাস্থ চীন দূতাবাসের আয়োজনে এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমির সহযোগিতায় ১৭ ও ১৮ জানুয়ারি ২০১৯ 'Happy Chiness New Year Gala ২০১৯' উদযাপনের জন্য বাংলাদেশ শিল্পকলা একাডেমি শিশু অ্যাক্রোবেটিক দল বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালায় মূল মিলনায়তনে ২দিনব্যাপী অ্যাক্রোবেটিক প্রদর্শনী আয়োজন করা হয়। ফেব্রুয়ারি ২০১৯ তারিখ শাহরিয়ার কবির নির্মিত মাওলানা জালালউদ্দিন রুমীর উপর প্রামাণ্য চলচ্চিত্র 'মিথাতস ড্রিম' প্রদর্শিত হয়। তুরস্কের বিশিষ্ট কবি, নাট্যকার, অভিনেতা ও সুফী গবেষক জনাব তারিক গুণেরসেল প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন। বাংলাদেশের প্রাচীন ও ঐতিহ্যবাহী পুতুলনাট্য শিল্পের উন্নয়ন, উৎকর্ষ ও বিকাশ সাধনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ইতোমধ্যে 'পুতুলনাট্যশিল্প উন্নয়ন নীতিমালা ২০১৮' প্রণয়ন করেছে। বাংলাদেশের সকল পুতুলনাট্যশিল্পী ও সংগঠনের এই অর্জনকে বিশেষ তাৎপর্যের সাথে উদ্যাপন করতে বাংলাদেশ শিল্পকলা একাডেমি ২৪টি পুতুলনাট্য প্রযোজনা সমন্বয়ে ১৯ থেকে ২৩ মার্চ ২০১৯ পর্যন্ত ৫(পাঁচ)দিনব্যাপী জাতীয় পুতুলনাট্য উৎসব ২০১৯ জাতীয় নাট্যশালার এক্সপেরিমেন্টাল থিয়েটার হল ও স্টুডিও থিয়েটার হলে অনুষ্ঠিত হয়। এছাড়াও আগামী ২১ মার্চ ২০১৯ বিশ্ব পুতুলনাট্য দিবস উদ্যাপন উপলক্ষে বাংলাদেশের পুতুলনাট্য বিষয়ক স্থাপনাশিল্প প্রদর্শনী, বিশ্ব পুতুলনাট্য দিবস আলোচনা এবং পুতুলনাট্য সম্মাননা প্রদান করা হয়। বিশ্ব পুতুলনাট্য দিবস আয়োজন ২১ মার্চ ২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়। ১৯-২৩ মার্চ ২০১৯ পর্যন্ত একাডেমির নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগের ব্যবস্থাপনায় আয়োজিত জাতীয় পুতুলনাট্য উৎসব ২০১৯ উপলক্ষে বিশ্ব পুতুলনাট্য দিবস আলোচনা, বাংলাদেশী পুতুলনাট্য বিষয়ক স্থাপনা প্রদর্শনী, গুণী পুতুলনাট্যশিল্পীর সম্মাননা ২০১৯ প্রদান করা হয়।

বাংলাদেশ শিল্পকলা একাডেমি দেশীয় চলচ্চিত্রের বিকাশ ও উন্নয়ন এবং সুষ্ঠু ও নির্মল চলচ্চিত্র আন্দোলনের অংশ হিসেবে ৩ থেকে ৬ এপ্রিল ২০১৯ পর্যন্ত ৪(চার)দিনব্যাপী 'জাতীয় চলচ্চিত্র দিবস ২০১৯' বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং ৬৪ জেলা শিল্পকলা একাডেমিতে দিবসটি উদ্যাপন করা হয়। জাতীয় চলচ্চিত্র দিবস উদযাপনের অংশ হিসেবে ৪ এপ্রিল ২০১৯ তারিখ জাতীয় চিত্রশালা মিলনায়তনে চলচ্চিত্র প্রদর্শনী এবং সেমিনার আয়োজন করা হয়। যাত্রাশিল্পের নবযাত্রা শীর্ষক ৫টি নতুন যাত্রা প্রযোজনা নিয়ে ২৪-২৬ এপ্রিল ২০১৯ তিনদিনব্যাপী 'যাত্রা উৎসব ২০১৯' ও 'যাত্রাপালার বিবেক' শীর্ষক গবেষণাধর্মী অনুষ্ঠান আয়োজন করা হয়। এছাড়াও ২৪ থেকে ২৬ এপ্রিল বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের 'যাত্রাপালার বিবেক' নিয়ে গবেষণাধর্মী কর্মশালার আয়োজন করা হয়। যাত্রাশিল্পী সম্মাননা প্রদান ২৪ এপ্রিল ২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত যাত্রাশিল্পী সম্মাননা ও যাত্রা উৎসব ২০১৯ এ উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচ টি ইমাম। অনুষ্ঠানের বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় সচিব ড. আবু হেনা মোস্তফা কামাল. এনডিসি এবং আরোও উপস্থিত ছিলেন বিশিষ্ট নাট্য ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব মঞ্চসারথি আতাউর রহমান। ১০ ও ১১ মে ২০১৯ পর্যন্ত ২দিনব্যাপী স্টেজ ম্যানেজমেন্ট এর উপর নরওয়ের অসলো থেকে আগত ৪জন প্রশিক্ষক এর পরিচালনায় জাতীয় নাট্যশালার সেমিনার কক্ষে ১টি কর্মশালা আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় বাংলাদেশে বিভিন্ন নাট্যদলের ৩৫জন এবং ৫টি বিশ্ববিদ্যালয় থেকে ছাত্রছাত্রী ও নাট্যকর্মী অংশগ্রহণ করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে ২০ থেকে ২৬ জুন ২০১৯ বাংলাদেশ আন্তর্জাতিক নাট্যোৎসব আয়োজন করা হয়েছে। ফ্রান্স, রাশিয়া, চীন, ভিয়েতনাম, ভারত, নেপাল ও বাংলাদেশের ৮টি নাট্যদল উৎসবে অংশগ্রহণ করে। ২৭ জুন ২০১৯ তারিখ সুবর্ণা সেঁজুতি টুসি'র চলচ্চিত্র 'মীনালাপ' এর চলচ্চিত্র প্রদর্শনী ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রদর্শনীতে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট নির্মাতা শামিম আখতার, নূরুল আলম আতিক এবং সুবর্ণা সেঁজুতি টুসি।

বাংলাদেশ থেকে প্রতিবছরই বিশ্বের বিভিন্ন দেশে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে যোগদানের লক্ষে গ্রুপ ভিত্তিক সাংস্কৃতিক দল প্রেরন করা হয়। ভুটানের থিম্পুতে ৪র্থ উন্নয়ন মেলা ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট, ফিলিপাইনের ম্যানিলায় International Indigenous Peoples Festival' উপলক্ষে ০৬(ছয়) সদস্য বিশিষ্ট, ইতালীর ভেনিস ও মিলানে Pieve di Soligo উপলক্ষে ০৬(ছয়) সদস্য বিশিষ্ট, নাইজেরিয়ার আবুজাতে '11th International Arts and Crafts(INAC) Expo 2018'-এ অংশগ্রহণের জন্য ০৪(চার) সদস্যের দল, বাংলাদেশ দূতাবাস, আদ্দিস আবাবা, ইথিওপিয়া কর্তৃক 'বাংলাদেশ ফেষ্টিভ্যাল'-এ ১২(বার) সদস্য, বাংলাদেশ দূতাবাস, প্যারিস কর্তৃক আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ০৭(সাত) সদস্য বিশিষ্ট বাংলাদেশ সাংস্কৃতিক দল ফ্রান্স সফর করে। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে লন্ডনস্থ বাংলাদেশ দূতাবাসের উদ্যোগে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য ১১ সদস্যবিশিষ্ট বাংলাদেশ সাংস্কৃতিকদল যুক্তরাজ্যের লন্ডন, বাংলা নববর্ষ ১৪২৬ উদ্যাপন উপলক্ষে দক্ষিন কোরিয়ায় ১২(বার) সদস্য বিশিষ্ট, নেদারল্যান্ডের হেগ শহরে আয়োজিত পহেলা বৈশাখ উদ্যাপন অনুষ্ঠান উপলক্ষে ০৮ (আট) সদস্য বিশিষ্ট, বাংলা নববর্ষ ১৪২৬ উদ্যাপন উপলক্ষে লেবাননে ১০(দশ) সদস্য বিশিষ্ট, মিশরের কায়রোতে অনুষ্ঠিতব্য "The Ramadan Nights" এ অংশগ্রহনের জন্য ১৩ (তের) সদস্য বিশিষ্ট বাংলাদেশ সাংস্কৃতিক দল মিশর সফর করে।

সার্ক কালচারাল সেন্টার' এর উদ্যোগে ১০ থেকে ১২ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত নেপালে অনুষ্ঠিত "SAARC Cultural Festival on Traditional Dance 2018" উপলক্ষে ০৬(ছয়) সদস্য বিশিষ্ট বাংলাদেশ সাংস্কৃতিক দল অংশগহণ করে। অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় বাংলাদেশের ৪৯তম স্বাধীনতা ও জাতীয় দিবস এবং বাংলা নববর্ষ ১৪২৬ বাংলা নববর্ষ ১৪২৬ উদ্যাপন উপলক্ষে ১৬(ষোল) সদস্যবিশিষ্ট বাংলাদেশ সাংস্কৃতিক দল প্রেরণ করা হয়। ২৩ জুলাই ২০১৮ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে জনপ্রশাসন পদক ২০১৮ প্রদান অনুষ্ঠানে আবহ সংগীত এবং ৩১ জুলাই ২০১৮ তারিখ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সফল উৎক্ষেপণ উদ্যাপন ও উপগ্রহ ভূ-কেন্দ্র উদ্বোধন উপলক্ষে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলেন কেন্দ্রে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। ২৯ জুলাই ২০১৮ সরকারি সংগীত কলেজ ও বাংলাদেশ শিল্পকলা একাডেমির যৌথ উদ্যোগে 'বৃষ্টির পদাবলী' শীর্ষক বর্ষার গানের অনুষ্ঠান আয়োজন করা হয়। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ৭৭তম মহাপ্রয়াণ দিবস উপলক্ষে ৬ আগস্ট ২০১৮ আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাৎবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বঙ্গবন্ধুকে নিবেদিত কবিতা আবৃত্তি, আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বিশিষ্ট শিল্পী আব্দুল জব্বার এর স্মরণে ২৯ আগস্ট ২০১৮ ম্যাজিশিয়ান'স ফেডারেশন অব বাংলাদেশ এবং একাডেমির যৌথ উদ্যোগে আলোচনা ও সঙ্গীতানুষ্ঠান আয়োজন করা হয়। ১ সেপ্টেম্বর ২০১৮ তারিখ মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক ১৮তম দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী ২০১৮ এর উদ্বোধন উপলক্ষে উদ্বোধনী অনুষ্ঠানে, ঢাকা ক্লাবে এবং নৌবিহারে এবং বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় স্পীকার জনাব ড. শিরীন শারমিন চৌধুরী এমপির উপস্থিতিতে ১১ সেপ্টেম্বর ২০১৮ শিল্পী শাহাবুদ্দিন এর জন্মদিন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী'র জন্মদিন ২০১৮ উপলক্ষে ২৮ সেপ্টেম্বর ২০১৮ জাতীয় নাট্যশালা মিলনায়তনে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়।

নবান্ন উৎসব উপলক্ষে ১৫ নভেম্বর ২০১৮ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে ১৪ ডিসেম্বর ২০১৮ শহিদ বুদ্ধিজীবী কবরস্থান মিরপুর ও রায়ের বাজার বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পৃথক আবৃত্তি এবং মহান বিজয় দিবস উপলক্ষে ১৫ ডিসেম্বর ২০১৮ নন্দনমঞ্চে, ১৬ ডিসেম্বর ২০১৮ বঙ্গভবনে অনুষ্ঠিত রাষ্ট্রীয় সংবর্ধনা অনুষ্ঠানে এবং সাভার জাতীয় স্মৃতি সৌধে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি ও জাতীয় পিঠা উৎসব উদ্যাপন পরিষদ-১৪২৫ এর যৌথ উদ্যোগে ২৩ জানুয়ারি থেকে ০১ ফেব্রুয়ারি ২০১৯ পর্যন্ত একাডেমির উন্মুক্ত মঞ্চে 'জাতীয় পিঠা উৎসব" সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। ০৮ ফেব্রুয়ারি ২০১৯ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও শহিদ দিবস উপলক্ষে যৌথ উদ্যোগে 'বাজাও বিশ্ব বীনা' শীর্ষক বিদেশী গান ও নৃত্যানুষ্ঠানের আয়োজন করা হয়। ১৩ ফেব্রুয়ারি ২০১৯ সোহরাওয়ার্দী উদ্যানে বসন্ত উৎসব উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। ১৬ ফেব্রুয়ারি ২০১৯ শিল্পী মাসুদ আহমেদ ও আসমা বেগম রিটা'র যুগল সংগীত সন্ধ্যা "সুর ও ছন্দে জীবনের মাধূরী" শীর্ষক সংগীতানুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমির ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ১৯ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০১৯ পর্যন্ত চারুকলা গ্যালারীতে বিভাগীয় কর্মকান্ডের চিত্র প্রদর্শনী আয়োজন করা হয়। আয়োজিত চিত্র প্রদর্শনীতে সংগীত, নৃত্য ও আবৃত্তি বিভাগের বিভিন্ন কার্যক্রমের স্থিরচিত্র, বাদ্যযন্ত্র, বিশিষ্ট ব্যক্তিবৃন্দের জীবনীসহ ফটো প্রদর্শনী এবং ভিডিও প্রদর্শনীর আয়োজন করা হয়। ২০ ফেব্রুয়ারি ২০১৯ মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে একুশে পদক ২০১৯ প্রদান অনুষ্ঠানে আবহ সংগীত পরিবেশন করা হয়। অনুষ্ঠানে পদকপ্রাপ্ত গুণীজন পদক গ্রহণকালে একাডেমির যন্ত্রশিল্পীবৃন্দ আবহ সংগীত পরিবেশন করেন। ২১ ফেব্রুয়ারি ২০১৯ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুরুতেই অংশগ্রহণকারী সকল বিদেশী, দেশী শিল্পীরা মঞ্চে এসে জাতীয় সংগীত পরিবেশন করেন। এরপর সকল শহিদদের স্মরণে ১মিনিট নিরবতা পালন করা হয় এবং উপস্থিত সকল বিদেশী শিল্পীদের অংশগ্রহণে ভাষার গান- আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি....পরিবেশিত হয়। বাংলাদেশে অবস্থিত ফিলিপাইন কানাডা, রাশিয়ান ফেডারেশন, ফ্রান্স, জাপান, ইন্দোনেশিয়া, ভারত এবং স্পেন দূতাবাসের শিল্পীবৃন্দ তাঁদের নিজস্ব ভাষায় কবিতা, গান ও আবৃত্তি পরিবেশন করে। শ্রীলংকা, মরক্কো, আফগানিস্তান, নেপাল এবং নেদারল্যান্ডের ভাষার গানের উপর নৃত্য পরিচালক- শায়লা আহমেদ লীমা'র নৃত্য পরিচালনায় শিল্পীবৃন্দ সমবেত নৃত্য পরিবেশন করে।

মহান স্বাধীনতা দিবস উপলক্ষে ২৬ মার্চ ২০১৯ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে শিশু-কিশোরদের কুচকাওয়াজ অনুষ্ঠানে ২০০ শিশু শিল্পীর কন্ঠে শুদ্ধ সুরে জাতীয় সংগীত পরিবেশিত হয়। ২৬ মার্চ ২০১৯ মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে বঙ্গভবনে অনুষ্ঠিত রাষ্ট্রীয় সংবর্ধনা অনুষ্ঠানে সাংস্কৃতিক পর্ব এবং সাভারে জাতীয় স্মৃতিসৌধে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। ২৬ মার্চ ২০১৮ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে ভুটানের মাননীয় প্রধানমন্ত্রী গত ১২-১৫ এপ্রিল ২০১৯ পর্যন্ত বাংলাদেশ সফর করেন। এ উপলক্ষে পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে ১৩ এপ্রিল ২০১৯ তারিখ হোটেল ইন্টারকন্টিনেন্টাল-এ আয়োজন করা হয়। বাংলা নববর্ষ ১৪২৬ উপলক্ষে ১৬ এপ্রিল ২০১৯ তারিখ বঙ্গভবনের দরবার হলে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। জাতীয় পর্যায়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী উদ্যাপন উপলক্ষে ২৫ বৈশাখ ১৪২৬, ০৮ মে ২০১৯ তারিখ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

২২ মে ২০১৯ তারিখ প্রয়াত বরেণ্য সংগীতশিল্পী সুবীর নন্দী স্মরণানুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশিষ্ট সংগীতজ্ঞবৃন্দ সুবীর নন্দী'র স্মৃতিচারণে অংশগ্রহণ করেন। বিশ্ব সংগীত দিবস ২০১৯ উপলক্ষে ২১ জুন ২০১৯ তারিখ আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ এমপি-এর উপস্থিতিতে আনন্দ শোভাযাত্রার মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করা হয়। অনুষ্ঠানের শুরুতে অর্কেস্ট্রা পরিবেশন করে বাংলাদেশ মিউজিশিয়ানস্ ফাউন্ডেশন-এর যন্ত্রশিল্পীবৃন্দ।

বাংলা সাহিত্য, সঙ্গীত, নৃত্য, কাব্যের ভান্ডারকে সমৃদ্ধ করেছেন যে সকল গুণী ও বরেণ্য ব্যক্তিত্ব, সময়ের গন্ডি পেরিয়ে যাঁদের সৃষ্টি আজও আমাদের বিস্মিত করে, বাঙালি হিসেবে গর্ববোধ করায় তাঁদের স্মরণ করে বাংলাদেশ শিল্পকলা একাডেমির এই আয়োজন যেন-বাঙালির সোনালী অতীতের প্রতি কৃতজ্ঞতা ও শ্রদ্ধাঞ্জলি। প্রতি বছর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় বাংলাদেশ শিল্পকলা একাডেমি গুণী ব্যক্তিদের স্মরণ করে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে থাকে। তারই ধারাবাহিকতায় মাসব্যাপী দেশের স্বনামধন্য কবি, সাহিত্যিক ও শিল্পীদের জন্ম ও মৃত্যুবার্ষিকী উদযাপন এর লক্ষ্যে  ২৪ জুন ২০১৯ উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। ২৫ জুন ২০১৯ প্রয়াত বিশ্বখ্যাত সংগীতজ্ঞ ওস্তাদ আলাউদ্দিন খাঁ, ওস্তাদ আয়েত আলী খাঁ, পন্ডিত রবি শংকর ও ওস্তাদ আলী আকবর খাঁ স্মরণে, ২৬ জুন ২০১৯ প্রয়াত প্রখ্যাত সংগীতজ্ঞ সমর দাস, সত্য সাহা, খন্দকার নূরুল আলম ও রবিন ঘোষ স্মরণে, ২৭ জুন ২০১৯ প্রয়াত প্রখ্যাত সংগীতজ্ঞ আব্বাসউদ্দীন, আব্দুল আলীম ও আব্দুল লতিফ স্মরণে, ২৮ জুন ২০১৯ প্রয়াত প্রখ্যাত সংগীতজ্ঞ মুকুন্দ দাস, ওয়াহিদুল হক, আলতাফ মাহমুদ ও অজিত রায় স্মরণে, ২৯ জুন ২০১৯ প্রয়াত বিশ্বখ্যাত নৃত্যাচার্য উদয় শংকর এবং নৃত্যাচার্য  বুলবুল চৌধুরী স্মরণে এবং ৩০ জুন ২০১৯ প্রয়াত প্রখ্যাত সংগীতজ্ঞ রজনীকান্ত সেন, দ্বিজেন্দ্র লাল রায়, ও অতুলপ্রসাদ সেন  স্মরণে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। উল্লিখিত অনুষ্ঠানে দেশের বিশিষ্ট গুণী কবি,সাহিত্যিক, লেখক, শিল্পীগন সময়ে সময়ে উপস্থিত থেকে প্রয়াত গুণী শিল্পীদের প্রসংশায় ছিলেন পঞ্চমুখ।

৯.৩ **২০১৮-১৯** অর্থবছরে মন্ত্রণালয়ের কার্যাবলি সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে  তার বিবরণ **(সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সঙ্কট উল্লেখের প্রয়োজন নেই; উদাহরণ: পদ সৃজন, শূন্যপদ পূরণ ইত্যাদি)**

**(১৫) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত** (বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের জন্য)

১৫.১ উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য **(০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)**

| **প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা** | **প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়)** | **প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার** | **প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা** |
|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** |
| ১। বিভাগীয় ও জেলা শিল্পকলা একাডেমি নির্মাণ প্রকল্প | মূল- ৮২.০০<br>সংশোধিত- ৯৩.৫৪ | ৯০.৫৮<br>শতকরা হার- ৯৬.৮৪% | ১২ |
| ২। জাতীয় চিত্রশালা এবং জাতীয় সংগীত ও নৃত্যকলা কেন্দ্রের সম্প্রসারণ ও অসমাপ্ত কাজ সমাপ্তকরণ প্রকল্প | এডিপি বরাদ্দ- ১০.০০ কোটি<br>আরএডিপি বরাদ্দ-১.৫৭ কোটি | ০.৫৪ কোটি<br>এডিপি বরাদ্দের- ৫.৪%<br>আরএডিপি বরাদ্দের- ৩৪.৪% | - |

সিনিয়র সচিব/সচিবের স্বাক্ষরঃ

নামঃ